ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার
*****

স-২০৪৬
বিলোনীয়া, ৩১ জুলাই, ২০২৫

**রাজ্যভিত্তিক স্কুল স্পোর্টস মিট উপলক্ষে প্রস্তুতি সভা**

আগামী সেপ্টেম্বর মাসে রাজ্যভিত্তিক স্কুল স্পোর্টস মিটের বালক ও বালিকাদের অনূর্ধ্ব ১৪, ১৭ ও ১৯ বছর বিভাগের জুডো, যোগা ও ব্যাডমিন্টন প্রতিযোগিতা দক্ষিণ ত্রিপুরা জেলার বিলোনীয়া ও শান্তিরবাজারে অনুষ্ঠিত হবে। এই উপলক্ষে গতকাল দক্ষিণ ত্রিপুরার জেলাশাসক কার্যালয়ের কনফারেন্স হলে যুব বিষয়ক ও ক্রীড়া দপ্তরের উদ্যোগে এক প্রস্তুতি সভা অনুষ্ঠিত হয়। এই প্রস্তুতি সভায় সভাপতিত্ব করেন দক্ষিণ ত্রিপুরা জিলা পরিষদের সভাধিপতি দীপক দত্ত। এছাড়াও উপস্থিত ছিলেন বিভিন্ন পঞ্চায়েত সমিতির চেয়ারম্যানগণ, বিলোনীয়া পুর পরিষদের চেয়ারপার্সন নিখিল চন্দ্র গোপ, জেলা ক্রীড়া আধিকারিক মিহির শীল এবং ক্রীড়া দপ্তরের আধিকারিকগণ। সভায় সিদ্ধান্ত হয় বালক ও বালিকাদের অনূর্ধ্ব ১৪, ১৭ ও ১৯ বছর বিভাগে যোগা ও ব্যাডমিন্টন প্রতিযোগিতা অনুষ্ঠিত হবে বিলোনীয়ায় এবং এই তিন বিভাগে বালক ও বালিকাদের জুডো প্রতিযোগিতা অনুষ্ঠিত হবে শান্তিরবাজারে। সভাধিপতি এই তিন বিভাগে অংশগ্রহণকারী জেলার বালক ও বালিকাদের ভালোভাবে প্রশিক্ষণের ব্যবস্থা করতে জেলা ক্রীড়া আধিকারিককে পরামর্শ দেন এবং রাজ্যভিত্তিক এই তিনটি প্রতিযোগিতা সফলভাবে আয়োজন করতে সকলের সহাযোগিতা কামনা করেন।

*****